# User manual
# for "Online application process for FSSM/ OTA/ CHC"

## কৃষি যন্ত্রপাতি কেনার জন্য সরকারি অনুদান

## কিভাবে আবেদন করবেন?

কৃষিদপ্তর, পশ্চিমবঙ্গ সরকারের ওয়েবসাইট www.matirkatha.gov.in এ গিয়ে অথবা কৃষিদপ্তরের "**মাটির কথা – কৃষকের কথা**" নামক অ্যাপ ব্যবহার করে অনলাইনে আবেদন করা যাবে।

Matir Katha - Krishoker Katha

**১) www.matirkatha.gov.in ওয়েবসাইট থেকে আবেদন** করার পদ্ধতি

ওয়েবসাইটের মেনুবারের **Circular> Application Form > Apply online** সেকশন এ গিয়ে, যে প্রকল্পের জন্য আবেদন করতে চান সেটির আবেদন পত্র পূরণ করে, সাবমিট করার সাথে সাথে, আবেদনের ক্রমিক নাম্বার স্ক্রিন এ দেখতে পাবেন। এছাড়া আবেদনকারীর মোবাইলে এস এম এস করেও জানিয়ে দেওয়া হবে। এরপর ওয়েবসাইটের মেনুবারের **Circular> Application Form > Download duplicate** সেকশন এ গিয়ে, আবেদনের ক্রমিক নাম্বার দিয়ে প্রতিলিপি (Duplicate copy) ডাউনলোড করতে পারবেন। আবদেনপত্রের প্রতিলিপির প্রিন্ট নিয়ে সমস্ত নথীসহ সংশ্লিষ্ট ব্লক /জেলা কৃষি অফিসে ৩১ শে অক্টোবর ২০১৭ এর মধ্যে জমা দিতে হবে।

**২) "মাটির কথা – কৃষকের কথা" অ্যাপ দিয়ে আবেদন** করার পদ্ধতি –

গুগুল প্লে স্টোর এ "matir katha" সার্চ করলে "মাটির কথা কৃষকের কথা' অ্যাপ টি পাওয়া যাবে। মোবাইলে এই অ্যাপ টি আগে থেকেই থাকলে, গুগুল প্লে স্টোরে গিয়ে এটি আপডেট করে নিতে হবে।

অ্যাপ এর "কৃষি যন্ত্রপাতির আবেদন" এ গিয়ে, যে প্রকল্পের জন্য আবেদন করতে চান সেটির আবেদন পত্র পূরণ করে, সাবমিট করার সাথে সাথে, আবেদনের ক্রমিক নাম্বার স্ক্রিন এ দেখতে পাবেন। এছাড়া আবেদনকারীর মোবাইলে এস এম এস করেও জানিয়ে দেওয়া হবে। মোবাইলের ডকুমেন্ট ফোল্ডার এ আবেদনপত্রের প্রতিলিপি (Duplicate copy) নিজে থেকেই ডাউনলোড হয়ে যাবে। নতুবা, উপরোক্ত পদ্ধতিতে ওয়েবসাইট থেকেও ডাউনলোড করতে পারবেন। আবদেনপত্রের প্রতিলিপির প্রিন্ট নিয়ে সমস্ত নথীসহ সংশ্লিষ্ট ব্লক /জেলা কৃষি অফিসে ৩১ শে অক্টোবর ২০১৭ এর মধ্যে জমা দিতে হবে।

## আবেদনপত্র কোন কোন প্রকল্পের জন্য গ্রহণ করা হচ্ছে?

1) কৃষি যন্ত্রাদি ক্রয়ের জন্য আর্থিক অনুদান প্রকল্প (FSSM)
2) ক্ষুদ্র কৃষি যন্ত্রপাতি ক্রয়ের জন্য এককালীন ভর্তুকি প্রকল্প (OTA – SFI)
3) কৃষি যন্ত্রাদি ভাড়া কেন্দ্র স্থাপনের জন্য ভর্তুকি প্রকল্প (CHC)

## আবেদনের সময়সীমা

অনলাইনে আবেদন পত্র www.matirkatha.gov.in ওয়েবসাইট অথবা "মাটির কথা – কৃষকের কথা" নামক অ্যাপ ব্যবহার করে আগামী ১০ই অক্টোবর থেকে ৩১ শে অক্টোবর ২০১৭ পর্যন্ত জমা দেওয়া যাবে। তথ্যমিত্র কেন্দ্রের মাধ্যমেও অনলাইন আবেদনে জমা দেওয়া যেতে পারে।

এছাড়া আবেদনপত্র সরাসরি সংশ্লিষ্ট ব্লক কৃষি অফিসে, ২৫ শে অক্টোবর ২০১৭ থেকে ৩১ শে অক্টোবর ২০১৭ পর্যন্ত জমা দেওয়া যেতে পারে।

## অনলাইনে আবেদন করা ফর্মগুলি একসাথে কিভাবে ডাউনলোড করা যাবে

(এই সেকশনটি শুধুমাত্র সরকারি/ অফিসিয়াল কাজের জন্য।)

**ওয়েবসাইটের মেনুবারের Circular> Application Form > MIS সেকশন থেকে অনলাইনে ভর্তি করা ফর্মগুলি একসাথে এক্সেল ফাইলে ডাউনলোড করা যাবে। মাটির কথা লগইন আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে ডাউনলোড করা যাবে।**

## কৃষিদপ্তরের মাটির কথা টোল ফ্রী নাম্বার

অনলাইনে আবেদন করার সময় কোনো অসুবিধে হলে ফোন করুন মাটির কথা টোল ফ্রি নম্বরে **১৮০০ -১০৩ -১১০০** (সোমবার থেকে শনিবার সকাল ৭ টা থেকে সন্ধ্যা ৭ টা পর্যন্ত)

# প্রকল্পগুলির সংক্ষিপ্ত বিবরণ

## 1) কৃষি যন্ত্রাদি ক্রয়ের জন্য আর্থিক অনুদান প্রকল্প
## Financial Support Scheme for Farm Mechanization (FSSM)

**কারা এই প্রকল্পের সুবিধাভোগী হতে পারবেন**

ক্ষুদ্র ও প্রান্তিক শ্রেণীর কোনো কৃষক, সমবায় সংস্থা (PACs) ও যৌথ দায়বদ্ধ গোষ্ঠীর (JLGs) সদস্য এই প্রকল্পের সুযোগ নিতে পারবেন। সুবিধাভোগীর কিষান ক্রেডিট কার্ড (KCC) থাকতে হবে। এছাড়া তিনি বিগত দুই বছরে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের কোনো সুযোগ নেন নি। ট্রাক্টর নিতে ইচ্ছুক কৃষকের ২.৫ একর এবং পাওয়ার টিলার নিতে ইচ্ছুক কৃষকের ১.৫ একর জমির মালিকানা থাকতে হবে।

### এফ এফ এস এম প্রকল্পের অন্তর্ভুক্ত কৃষি যন্ত্রপাতির তালিকা ও ভর্তুকি

| ক্রমিক নং | কৃষি যন্ত্রের নাম | ভর্তুকির পরিনাম |
|---|---|---|
| 1 | ট্রাক্টর ৪০ অশ্বশক্তির বেশি | মোট দামের ৩৫% বা ১,২৫,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| 2 | ট্রাক্টর ২০ - ৪০ অশ্বশক্তি যুক্ত | মোট দামের ৩৫% বা ১,০০,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| 3 | পাওয়ার টিলার ৮.১ অশ্বশক্তি বা তার বেশি | মোট দামের ৫০% বা ৭৫,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| 4 | পাওয়ার টিলার ৮ অশ্বশক্তি পর্যন্ত | মোট দামের ৫০% বা ৫০,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| 5 | পাওয়ার রিপার (স্ব-চালিত) | মোট দামের ৫০% বা ৬৩,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| 6 | প্যাডি ট্রান্সপ্লান্টার (৪ বা ৪+ সারি, স্ব-চালিত) | মোট দামের ৪০% বা ২,০০,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| 7 | জিরো টিলেজ বীজ ও সার ড্রিল (ট্রাক্টর চালিত ) | মোট দামের ৫০% বা ৪৪,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| 8 | মাল্টি ক্রপ থ্রেশার / প্যাডি থ্রেশার | মোট দামের ৫০% বা ৪০,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| 9.1 | পাম্প সেট (১.৫-৩ অশ্বশক্তি, বিদ্যুৎ, পেট্রল বা ডিজেল চালিত) | মোট দামের ৫০% বা ৬,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| 9.2 | পাম্প সেট (৩+ থেকে ৫ অশ্বশক্তি, বিদ্যুৎ, পেট্রল বা ডিজেল চালিত) | মোট দামের ৫০% বা ১০,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |

| | | |
|---|---|---|
| 10 | রোটাভেটর | মোট দামের ৫০% বা ৬৩,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| 11 | পাওয়ার স্প্রেয়ার (১৬ লিটারের বেশি) | মোট দামের ৫০% বা ১০,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| 12 | পটেটো প্ল্যান্টার /পটেটো ডিগার | মোট দামের ৫০% বা ৬৩,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর |
| 13 | কৃষি যান্ত্রিকীকরণের সাবমিশন প্রকল্পের (SMAM 16-17) অধীনে তালিকাভুক্ত যন্ত্রপাতি | SMAM প্রকল্পের অনুমোদিত ভর্তুকি |
| 14 | রাইস ডি হাস্কার | মোট দামের ৫০% বা ৬৩,০০০ টাকার মধ্যে যেটি নিম্নতর। |

**কোথায় যোগাযোগ করবেন :** ব্লকের সহ - কৃষি অধিকর্তার অফিস।

## 2) ক্ষুদ্র কৃষি যন্ত্রপাতি ক্রয়ের জন্য এককালীন ভর্তুকি প্রকল্প

## One Time Assistance - Small Farm Implements (OTA - SFI)

**কারা এই প্রকল্পের সুবিধাভোগী হতে পারবেন**

ক্ষুদ্র ও প্রান্তিক শ্রেণীর কোনো কৃষক, সমবায় সংস্থা (PACs) ও যৌথ দায়বদ্ধ গোষ্ঠীর (JLGs) সদস্য এই প্রকল্পের সুযোগ নিতে পারবেন। সুবিধাভোগীর কিষান ক্রেডিট কার্ড (KCC) কিংবা ব্যাংক অ্যাকাউন্ট থাকতে হবে। এছাড়া তিনি বিগত দুই বছরে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের কোনো সুযোগ নেন নি।

### প্রকল্পের অন্তর্ভুক্ত কৃষি যন্ত্রপাতির তালিকা ও ভর্তুকি

| ক্রমিক নং | কৃষি যন্ত্রের নাম | ভর্তুকির পরিনাম |
|---|---|---|
| ১ | হস্তচালিত স্প্রেয়ার | ১,৫০০ টাকা |
| ২ | পদচালিত ঝাড়াই মেশিন | ৩,৫০০ টাকা |
| ৩ | পদচালিত খড় কাটার মেশিন | ৩,০০০ টাকা |
| ৪ | ড্রাম সিডার | ২,০০০ টাকা |
| ৫ | নিড়ান যন্ত্র (কোনো উইডার ,প্যাডি উইডার, হুইল হো, নেল উইডার ) | ১,৫০০ টাকা |
| ৬ | সেচের ডেলিভারি পাইপ (১০০ মিটার পর্যন্ত ) | ২০ টাকা প্রতি মিটার |
| ৭ | ছোট যন্ত্র ( কোদাল, খুরপি, নিড়ানী, কাস্তে, রেক, | সর্বাধিক ক্রয় মূল্য ৭০০ টাকা |

| | | |
|---|---|---|
| | সিকেটিয়ার ) | |
| ৮ | হস্তচালিত সিড ড্রিল | ১,৫০০ টাকা |
| ৯ | বীজ শোধনের ড্রাম | ১,৫০০ টাকা |
| ১০ | শ্রী পদ্ধতির মার্কার | ১,৫০০ টাকা |
| ১১ | বীজ বিন / বীজ গোলা | ৩,০০০ টাকা |

**কোথায় যোগাযোগ করবেন:** ব্লকের সহ - কৃষি অধিকর্তার অফিস।

## 3) কৃষি যন্ত্রাদি ভাড়া কেন্দ্র স্থাপনের জন্য ভর্তুকি প্রকল্প
## Custom Hiring Centre (CHC)

**কারা এই প্রকল্পের সুবিধাভোগী হতে পারবেন**

কোনো ব্যক্তি, ব্যক্তিবর্গ, স্বনির্ভর গোষ্ঠী, ব্যক্তিগত বা অংশীদারী কোম্পানী, সমবায় সংস্থা, ফার্মার্স ক্লাব, কৃষক উৎপাদক সংস্থা (FPOs), যৌথ দায়বদ্ধগোষ্ঠী (JLGs), কৃষক স্বার্থ গোষ্ঠী (Farmers interest group-FIGs), এই প্রকল্পের সুযোগ নিতে পারবেন।

### প্রকল্পের অন্তর্ভুক্ত কৃষি যন্ত্রপাতির তালিকা ও ভর্তুকি

| ক্রমিক নং | কৃষি যন্ত্রের নাম | ভর্তুকির পরিনাম |
|---|---|---|
| | মডেল ১ ( মোট অর্থমূল্য ২০ - ২৫ লক্ষ ) | |
| ১ | ট্র্যাক্টর (৭০ অশ্বশক্তি ক্ষমতা পর্যন্ত) | সর্বাধিক ভর্তুকির পরিমান মোট অর্থমূল্যের ৪০ % বা ১০ লক্ষ টাকা |
| ২ | পাওয়ার উইডার | |
| ৩ | রোটাভেটর | |
| ৪ | কাল্টিভেটর | |
| ৫ | জিরো টিলেজ মেশিন / বীজ ও সার ড্রিল মেশিন / মাল্টি ক্রপ প্ল্যান্টার | |
| ৬ | মাল্টি ক্রপ থ্রেশার | |
| ৭ | ট্রাক্টর চালিত পাওয়ার স্প্রেয়ার | |
| ৮ | পাওয়ার রিপার | |
| ৯ | ট্রলি | |
| ১০ | পাওয়ার টিলার | |
| | | |
| | মডেল ২ ( মোট অর্থমূল্য >২৫ - ৪০ লক্ষ ) | |

| ক্রমিক নং | কৃষি যন্ত্রের নাম | ভর্তুকির পরিনাম |
|---|---|---|
| ১ | ট্র্যাক্টর (৭০ অশ্বশক্তি ক্ষমতা পর্যন্ত ) - ২টি | সর্বাধিক ভর্তুকির পরিমান মোট অর্থমূল্যের ৪০ % বা ১৬ লক্ষ টাকা |
| ২ | রোটাভেটর - ২টি | |
| ৩ | কাল্টিভেটর | |
| ৪ | পাওয়ার টিলার | |
| ৫ | পাওয়ার উইডার | |
| ৬ | জিরো টিলেজ মেশিন / বীজ ও সার ড্রিল মেশিন / মাল্টি ক্রপ প্ল্যান্টার - ২টি | |
| ৭ | মাল্টি ক্রপ থ্রেশার - ২টি | |
| ৮ | ট্রলি - ২টি | |
| ৯ | প্যাডি ট্রান্সপ্লান্টার | |
| ১০ | পাওয়ার স্প্রেয়ার - ২টি | |
| | | |
| | **মডেল ৩ ( মোট অর্থমূল্য > ৪০ লক্ষ - ৬০ লক্ষ )** | |
| **ক্রমিক নং** | **কৃষি যন্ত্রের নাম** | **ভর্তুকির পরিনাম** |
| ১ | ট্র্যাক্টর ( ৭০ অশ্বশক্তি ক্ষমতা পর্যন্ত ) - ২টি | সর্বাধিক ভর্তুকির পরিমান মোট অর্থমূল্যের ৪০ % বা ২৪ লক্ষ টাকা |
| ২ | রোটাভেটর - ২টি | |
| ৩ | কাল্টিভেটর | |
| ৪ | পাওয়ার টিলার - ২টি | |
| ৫ | পাওয়ার উইডার - ৪টি | |
| ৬ | জিরো টিলেজ মেশিন / বীজ ও সার ড্রিল মেশিন / মাল্টি ক্রপ প্ল্যান্টার - ২টি | |
| ৭ | মাল্টি ক্রপ থ্রেশার - ২টি | |
| ৮ | কম্বাইন্ড হারভেস্টার | |
| ৯ | স্ট্র বেলার - ২টি | |
| ১০ | ট্রলি - ২টি | |
| ১১ | প্যাডি ট্রান্সপ্লান্টার | |
| ১২ | পাওয়ার স্প্রেয়ার - ২টি | |
| ১৩ | প্রিসিশন জলসেচ যন্ত্রাদি বা ফসল তোলার পরবর্তী ব্যবহৃত যন্ত্রাদি | |
| | | |
| | **মডেল ৪ ( মোট অর্থমূল্য > ৬০ লক্ষ - ২ কোটি )** | |
| **ক্রমিক নং** | **কৃষি যন্ত্রের নাম** | **ভর্তুকির পরিনাম** |
| ১ | ট্র্যাক্টর ( ৭০ অশ্বশক্তি ক্ষমতা পর্যন্ত ) - ৪ টি (নূন্যতম) | সর্বাধিক ভর্তুকির পরিমান মোট অর্থমূল্যের ৪০ % বা ৮০লক্ষ টাকা |
| ২ | রোটাভেটর - ২টি (নূন্যতম) | |
| ৩ | কাল্টিভেটর - ২টি (নূন্যতম) | |

| | | |
|---|---|---|
| ৪ | পাওয়ার উইডার - ৮টি (নূন্যতম) | |
| ৫ | জিরো টিলেজ মেশিন / বীজ ও সার ড্রিল মেশিন / মাল্টি ক্রপ প্ল্যান্টার - ৩টি (নূন্যতম) | |
| ৬ | মাল্টি ক্রপ থ্রেশার - ৪টি (নূন্যতম) | |
| ৭ | কম্বাইন হারভেস্টার - ২টি (নূন্যতম) | |
| ৮ | স্ট্র বেলার - ৪টি (নূন্যতম) | |
| ৯ | ট্রলি - ৩টি (নূন্যতম) | |
| ১০ | প্যাডি ট্রান্সপ্লান্টার | |
| ১১ | পাওয়ার স্প্রেয়ার - ৩টি (নূন্যতম) | |
| ১২ | প্রিসিশন জলসেচ যন্ত্রাদি | |
| ১৩ | ফসল তোলার পরবর্তী ব্যবহৃত যন্ত্রাদি | |

## ঐচ্ছিক যন্ত্রাদির তালিকাসমূহ

(১) লেসার ল্যান্ড লেভেলার।

(২) রিপার কম বাইন্ডার।

(৩) পটেটো প্ল্যান্টার।

(৪) পটেটো ডিগার ।

(৫) পাওয়ার থ্রেশার।

(৬) মিনি ডাল মিল।

(৭) রাইস ডিহাস্কার।

(৮) মিনি অয়েল মিল।

(৯) রিভার্সেবল প্লাও।

(১০) উঁচু জমি তৈরীর যন্ত্র।

(১১) স্টিপ টিল ড্রিল।

(১২) ব্রাশ কাটার।

(১৩) চ্যাপ কাটার।

(১৪) ওনিয়ন হারভেস্টার।

(১৫) ড্রাম সিডার।

(১৬) ঝাড়াই পাখা।

(১৭) কোনো উইডার।

(১৮) পাম্প সেট।

(১৯) স্প্রিঙ্কলার সেট।

(২০) ড্রিপ জলসেচ।

(২১) সুগারকেন ক্রাশার।